কালের কণ্ঠ

তারিখ 09 MAR 2016
পৃষ্ঠা ১৮ কলাম ৪

# জাবিতে ছাত্র ইউনিয়নের সম্মেলন

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

'ঘৃণাটুকু থাক নীতিহীন রাজার অপরাজনৈতিকতায়'; 'বেঁচে থাক নীতির রাজনীতি, বেঁচে থাকুক স্বদেশ'–এই স্লোগানে ছাত্র ইউনিয়ন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি) সংসদের ২৬তম সম্মেলন হয়েছে। গতকাল মঙ্গলবার সকালে বিশ্ববিদ্যালয়ের অমর একুশে ভাস্কর্যের পাদদেশে জাতীয় ও দলীয় সংগীতের মধ্য দিয়ে সম্মেলনের উদ্বোধন করা হয়। পরে ক্যাম্পাসে বের হয় বর্ণাঢ্য শোভাযাত্রা। বিকেলে কাউন্সিল অধিবেশনে সর্বসম্মতিক্রমে সংগঠনের বিশ্ববিদ্যালয় শাখার নতুন নেতৃত্ব গঠিত হয়। উদ্বোধক হিসেবে জাতীয় পতাকা উত্তোলন করেন ছাত্র ইউনিয়ন জাবি সংসদের প্রথম সভাপতি এ কে এম মোস্তাফিজুর রহমান। অনুষ্ঠানের সভাপতি হিসেবে দলীয় পতাকা উত্তোলন করেন বিশ্ববিদ্যালয় সংসদের সভাপতি তন্ময় ধর। সাধারণ সম্পাদক দীপাঞ্জন সিদ্ধান্ত কাজলের সঞ্চালনায় অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ইউনিয়নের নেতা মং সিং হাই মারমা, শেখ সাদ নূর অপি, তানভির হোসেন রিয়াদ, সার্জিন শরীফ, আরিফুল ইসলাম নাদিম, মঞ্জুর মঈন, সিপিবি নেতা আজম খান বাবু, জাহাঙ্গীর আলম বাবু, জাবি সাংস্কৃতিক জোটের সভাপতি জোবায়ের টিপু, জাবি সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক মওদুদ আহম্মেদ সুজন প্রমুখ।